

বুধবার, ২৩ এপ্রিল ২০২৫, ১০ বৈশাখ ১৪৩২



দাশেরকান্দিতে পয়ঃশোধনাগার প্ল্যান্ট পরিদর্শন করলেন স্থানীয় সরকার সচিব

প্ল্যান্টের কার্যক্রমের প্রশংসার পাশাপাশি দিয়েছেন পরামর্শও



দাশেরকান্দিতে পয়ঃশোধনাগার প্ল্যান্ট পরিদর্শনে স্থানীয় সরকার সচিব/সৌজন্য

DT ট্রিবিউন ডেস্ক

প্রকাশ : ২১ এপ্রিল ২০২৫, ০৩:০১ পিএম | আপডেট : ২১ এপ্রিল ২০২৫, ০৩:০১ পিএম

রাজধানী ঢাকার আফতাবনগরের কাছে দাশেরকান্দিতে পয়ঃশোধনাগার প্ল্যান্ট পরিদর্শন করে স্থানীয় সরকার সচিব মো. রেজাউল মাকসুদ জাহেদী।

শনিবার (১৯ এপ্রিল) তিনি প্ল্যান্টটি পরিদর্শন করেন।

এ সময় তিনি প্লান্টের অপারেশন ও মেইনটেনেন্স **দেখে** ভূয়সী প্রশংসা করেন।

প্লান্টটিতে দৈনিক ৫০ কোটি লিটার শোধনকৃত পানি আমাদের ভূ-গর্ভস্থ ডিপ-একুইফার রিচার্জ করতে কীভাবে ব্যবহার করা যায় সে বিষয়ে সংশ্লিষ্টদের চিন্তা-ভাবনা করে প্রস্তাবনা দেওয়ার পরামর্শ দেন সচিব।

এছাড়া প্লান্ট থেকে তাপ বিদ্যুৎ তৈরি ও সোলার পাওয়ার ব্যবহার করা যায় কি-না সে বিষয়েও তিনি সংশ্লিষ্টদের পরামর্শ প্রদান করেন।

এ সময় ঢাকা ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক মো. ফজলুর রহমান, সংস্থার উপ-ব্যবস্থাপনা পরিচালকগণ ও প্রধান প্রকৌশলীসহ অন্যান্য সংশ্লিষ্ট প্রকৌশলীরা উপস্থিত ছিলেন।

দাশেরকান্দি প্লান্টের দায়িত্বপ্রাপ্ত নির্বাহী প্রকৌশলী মমতাজুর রহমান প্রকল্পের বিভিন্ন দিক তুলে ধরেন ও তাদের সরেজমিন ঘুরিয়ে **দেখান**।

স্থানীয় সরকার সচিব এর **এদিন** পাগলাস্থ পাগলা পয়ঃশোথনাগার প্রকল্প এলাকাও পরিদর্শন করেন।

0 comments

Sort by **Oldest**

Add a comment...

Facebook Comments Plugin

Copyright © 2012-2022. 2A Media Limited, All Rights Reserved.

8/C, FR Tower, Panthapath, Dhaka 1207, Bangladesh.

Kazi Anis Ahmed, Publisher

